



‘ঐতিহাসিক মার্চ ১৯৭১ ও বঙ্গবন্ধু’ শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত

আজ (২০ মার্চ-২০১৭, সোমবার, সকাল ১১টায়) জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে ‘ঐতিহাসিক মার্চ ১৯৭১ ও বঙ্গবন্ধু’ শীর্ষক আলোচনা সভা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা ড. মসিউর রহমান এবং প্রধান আলোচক হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান উপস্থিত ছিলেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. প্রিয়রত পাল-এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন ডেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া, আইন অনুষদের ডিন অধ্যাপক ড. সরকার আলী আককাস, লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া ও কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম। আলোচনা সভায় সঞ্চালনা করেন ও স্বাগত বক্তব্য প্রদান করেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ আব্দুল বাকী। এছাড়াও বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি এফ. এম. শরিফুল ইসলাম বক্তব্য প্রদান করেন। এসময় বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান ও শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।